@@@ 'গোত্রান্তর' - নাটক থেকে ১নম্বর এবং ২ নম্বরের প্রশ্ন-উত্তর।

@ 'গোত্রান্তর' - নাটকটি কার লেখা ?
উঃ - নাট্যকার বিজন ভট্টাচার্য ।

@'গোত্রান্তর' - ছাড়া বিজন ভট্টাচার্যের লেখা দুটি নাটকের নাম লেখ।
উঃ- নবান্ন (১৯৪৪),দেবীগর্জন (১৯৬৯) ।

@ 'গোত্রান্তর' - নাটকটি বিজন ভট্টাচার্য কাকে উৎসর্গ করেন?
উঃ:- এই নাটকটি বিজন ভট্টাচার্য নাট্যচার্য্য শিশিরকুমার ভাদুড়িকে উৎসর্গ করেন।

@এই নাটকের অঙ্ক সংখ্যা কত ?
উঃ- তিনটি।

@নাট্যকার বিজন ভট্টাচার্যের জন্ম ও মৃত্যু কত সালে ?
উঃ-জন্ম ১৯১৫ ও মৃত্যু ১৯৭৮ সালে।

@ বিজন ভট্টাচার্যের 'গোত্রান্তর' নাটকটি কবে কোথায় প্রথম প্রকাশিত হয় ?
উঃ- ১৯৫৭সালে শারদীয়া সংখ্যায় 'বসুমতী' পত্রিকায় ।

@ 'গোত্রান্তর' - নাটকটি প্রথম কোন মঞ্চে কার প্রজোজনায় এ মঞ্চস্থ হয় ?
উঃ- এই নাটকটি প্রথম অভিনীত হয় ১৯৫৯ সালের ১৬ই আগস্ট নিউ এম্পেয়ার মঞ্চে ।

@ 'গোত্রান্তর' - নাটকটি কত সালে গ্রন্থাগারে প্রকাশিত হয় ?
উঃ- ১৯৫৯ সালের মার্চ মাসে।

@ 'গোত্রান্তর' - নাটকের ভূমিকায় নাট্যকার গোত্রান্তর বিষয়ে কী বলেছেন ?
উঃ- "নীতিবাদের প্রশ্ন নয় জীবন এর বিষয়েও 'গোত্রান্তর' আজ যুগসত্য। আর জীবনের বিষয়েও সে সত্য চন্দ্র- সূর্য - তারার মতোই সমুজ্জল - নাটকে তার অপলাপ করা কোনো নাট্যকার এর জীবন ধর্ম হতে পারে না। কারণ জীবন - - বিচ্যুত শিল্পরসের উন্মার্গ সন্ধানে যে সখ্যাত আত্মরতির পশ্রয় আছে। তাতে ডুবে মরাই যায় - প্রান পাওয়া যায় না।

@হরেন মাস্টার এর ভালো নাম কি ?
উঃ- হরেন্দ্র ।

@ হরেন্দ্রর মেয়ের নাম কি ?

উঃ - গৌরী।

@হরেন্দ্রের বৌ এর নাম কি ?
উঃ - শঙ্করী।

@ "খাওয়াইয়া পরাইয়া মানুষতো কইরা দিছ-আবার কীসের সম্বোধন ?" - কে কার সম্বোধন কার কাছে একথা বলেছিল ?
উঃ- শঙ্করী কেশবকে সম্বোধন হরেনদরের কাছে একথা বলেছে।

@ হরেন্দ্র ছয় মাসের মাইনে কত পেয়েছে ?
উঃ :-তিরিশ টাকা বার আনা।

@"অভাবের দায়ে সভাব এক দম নসটো হইয়া গেছে রে" - কে কাকে একথা বলেছে ?
উঃ- হরেনদো শংকরী কে একথা বলেছে।

@কেশবের অ্যাটেনডেন্স কটাই ?
উঃ- সকাল সাড়ে আটটাই।

@কেশবের চিঠিতে কি লেখা দেখে হরেন্দ্র উত্তেজিত হয়ে পড়েছিল ?
উঃ- কেশবের অফিসের চিঠিতে লেখা ছিল 'your service are not longer required ' দেখে হরেনদো উত্তেজিত হয়ে যান।

@"নিজের দাঁড়াবার জায়গা নেই, আবার মেয়ে মানুষ এনে ঢুকিয়েছে"- কাকে একথা বলেছে ?
উঃ-একথা ভদ্রজন কেশবকে বলেছে। ।

@"গোত্রান্তর' - নাটকটির বিষয়বস্তু কি ?
উঃ- দেশবিভাগ জনিত মানুষ এর দুর্দশা এই নাটকটির বিষয়বস্তু।

@ " you only disapprove -that's all, that's all"- কে কাকে একথা বলেছে ?
উঃ- মি. লাহিড়ি, সংঘ সম্পাদক মহাশয় কে একথা বলেছেন।

@ "ভদ্রর লোকের সর্বনাশ ভদ্রর আদমী কি এইভাবে কবে ? " - কে কাকে বলেছে ?
উঃ - এই নাটকটিতে নাটকের চরিত্র শৈলী বলেছে হরেন্দ্রকে।

@ "দুঃখির কোনো জাত নেই মা- আমরা সবাই দুঃখী"- কে কাকে বলেছে ?
উঃ- কথাটি শৈলী শঙ্করীকে বলেছে।

@এই নাটকের তৃতীয় দৃশ্যের শুরুর জায়গা ও সময় কাল লেখো ?
উঃ- নাটকের তৃতীয় দৃশ্যের শুরুর স্হান বস্তি, সময় প্রত্যুষকাল।

@হরেন্দ্র তার ভাইয়ের চেহারার কি বর্ননা দিয়েছে ?
উঃ-তার ভাই কেশবের চেহারা পাতলা ছিপছিপে, রাজপুত্রের মতো চেহারা।

@"এ বসতি বাবুরা তুলে দেবে - কে কাকে একথা বলেছে ?
উঃ-একথা হরিধন শৈলীকে বলেছে।

@ গৌরি শৈলীকে কি বলে ডাকবে ?
উঃ - আজিমা।

@ বসতি তুলে দেওয়ার জন্য কোর্ট থেকে ডিগ্রী জারি করার কথা কে কাকে বলেছে ?
উঃ- একথা হরিধন শৈলীকে বলেছে।

@রঘুবীর এর ছেলের নাম কি ?
উঃ- লখিয়া।

@"নয়া তুলসীদাস বানাইয়া মাস্টারজী"- কে কাকে একথা বলেছে ?
উঃ-একথা চিকণরাম হরেন্দ্রকে বলেছে।

@ 'আবার স্কুল! আবার স্কুল" - কার উক্তি ?
উঃ- উক্তিটি হরেন্দ্রর ।

@"নেহাত বই গাছ তাই ভুয়ে পড়েননি ভেঙে" -কার সম্পর্কে ,কার কাছে, কার এই উক্তি ?
উঃ- উক্তিটি হরেন্দ্রর সম্পর্কে গৌরির কাছে কানাইয়ের এই উক্তি।

@গৌরি কানাইয়ের কাছে নিজের জীবন সম্পর্কে কি বলেছে ?
উঃ - গৌরী বলেছে স্রোতের শ্যাওলার মতো এইখানে একমাস, ওইখানে দুইমাস - যারে কয় এক্কেরে গরীব দুঃখির জীবন।তোমরা যদি ঠাঁই না দিতা তো উপায়ই ছিল না আমাগো।এক কাকুর ভরসায় শহরে আসা, তা কাকুরে তো ধইরাই লইয়া গেল'।

@এই নাটকটির চতুথো দৃশ্যটিতে কি গান শোনা যায় ?
উঃ- গানটি হল 'যদি তোর ডাক শুনে কেউ না অসে'।

@"'তুমি ডাকলে আমি সাড়া দিই নাই - এমন তো হয় নাই" - কে কাকে একথা বলেছে ?
উত্তর :- একথা কানাইকে হরেন্দ্রকে বলেছে।

@' কানাই গৌরিকে ভালোবাসে' -কে কাকে একথা বলেছে ?
উঃ-হরেন্দ্র তার বৌ শঙ্করীকে বলেছে।

@'ওরা একটু আগে আমার কাছে কবুল করে গেছে '- এখানে কাদের কথা বলা হয়েছে ? কি কবুল করার করা বলা হয়েছে ?

উঃ-এখানে কানাই ও গৌরির কথা বলা হয়েছে। এরা নিজেদের ভালোবাসার কথা হরেন্দ্রকে বলেছে।

@কে কাদের সঙ্গী করে বস্তী আক্রমন করে ?
উঃ-হরিধন কতকগুলো গুন্ডা ও লেঠেলদের নিয়ে।

@হরিধন ও তার গুনডাদের আক্রমন এ বসতির অবস্থা কি হয়েছিল ?
উঃ-বস্তিতে লাঠি চলে, বসতি ভেঙেচুরে তছনছ হয়ে যায়।

@'গোত্রান্তর' নাটকের শেষ লাইনটা কি ?
উঃ-এই নাটকটির শেষ লাইনটি হল 'সমবেত কণ্ঠে জয়গান ওঠে জীবনের' ।

@গৌরির বিবাহ অনুষ্ঠান এ বর্ননা দাও ?
উঃ- এই বিবাহে বেজে ওঠে মাঙ্গলিক সানাই। শোনা যায় বিয়ের ব্যান্ড।আলোকমালা ও রাজহংসের শোভাযাত্রা অনুষ্ঠানে শোভাবধন করে। আনুষ্ঠানিক ভাবে বরবধূ প্রদক্ষিণ করে, তয়োদের বরণ চলতে থাকে।জোকার পুকারে আনন্দ ওঠে। হরেন্দ্র ধানদূর্বা দিয়ে বরকনেকে আর্দশবাদ করে। চাচা রঘুবীর ও আশীর্বাদ করে।

@ হরেন্দ্র শৈলীকে কি বলে উদবুদ্ধ করতে চেয়েছে ?
উঃ- শৈলীকে বলেছে - 'বুড়ি জোকার দেও, শঙ্খ বাজাও লক্ষী ওঠাও ঘরে। হে বিশ্বকর্মার পুতের দল, চুপচাপ খারাইয়া আছেন, হাত লাগাইতে পারসনা তোরা। 'হাত চালাও, কাজ কর ওঠাও বসতি।

PREPARED BY BIBEK MAJI (RANIGANJ GIRLS' COLLEGE)